

নং-৫৯.০০.০০০.১৪০.১৮.০১৪.২১.৪৩৫

তারিখ: ২৪ ভাদ্র ১৪২৮
০৮ সেপ্টেম্বর ২০২১

বিষয়: চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের ক্লাস স্বশরীরে চালুকরণ

সূত্র: স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী'র সভাপতিত্বে ০২/০৯/২০২১ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী'র সভাপতিত্বে ০২/০৯/২০২১ তারিখে অনুষ্ঠিত সভায় আগামী ১৩/০৯/২০২১ তারিখ হতে সরকারি/বেসরকারি সকল চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠানসমূহের নিম্নোক্ত বর্ষের ক্লাস স্বশরীরে শুরু করার সিদ্ধান্ত হয়-

শিক্ষাপ্রতিষ্ঠানের ধরণ	কোর্সের নাম	বর্ষ
মেডিকেল কলেজ	এমবিবিএস	১ম বর্ষ (২০২০-২১)
		২য় বর্ষ (২০১৯-২০)
		৫ম বর্ষ (২০১৬-১৭)
ডেন্টাল কলেজ/ইউনিট	বিডিএস	১ম বর্ষ (২০১৯-২০)
		২য় বর্ষ (২০১৮-১৯)
		শেষ বর্ষ (২০১৬-১৭)
নার্সিং ইনস্টিটিউট/কলেজ	বেসিক বিএসসি ইন নার্সিং	৩য় ও ৪র্থ বর্ষ
	ডিপ্লোমা ইন নার্সিং ও মিডওয়াইফারি	২য় ও ৩য় বর্ষ
	ডিপ্লোমা ইন মিডওয়াইফারি	২য় ও ৩য় বর্ষ
ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি	ডিপ্লোমা	১ম বর্ষ (২০১৯-২০)
		২য় বর্ষ (২০১৮-১৯)
	বিএসসি (ল্যাব)	১ম বর্ষ (২০১৯-২০)
	বিএসসি (রেডিওলজি এন্ড ইমেজিং)	১ম বর্ষ (২০১৯-২০)
মেডিক্যাল এ্যাসিস্ট্যান্ট ট্রেনিং স্কুল	ম্যাটস	১ম বর্ষ (২০১৯-২০)
		৩য় বর্ষ (২০১৭-১৮)
ইউনানী ও আয়ুর্বেদিক মেডিকেল কলেজ	বিইউএমএস/বিএএমএস	১ম বর্ষ (২০১৯-২০)
		শেষ বর্ষ (২০১৫-১৬)
	ডিইউএমএস/ডিএএমএস	১ম বর্ষ (২০২০-২১)
হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ	বিএইচএমএস	৩য় বর্ষ (২০১৭-১৮)
		৪র্থ বর্ষ (২০১৬-১৭)
		ডিএইচএমএস
		৪র্থ বর্ষ (২০১৭-১৮)

০২। স্বশরীরে ক্লাস শুরুর ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনাসমূহ প্রতিপালন করতে হবে:


- ক) স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষার্থী হোস্টেল (প্রযোজ্যক্ষেত্রে) ক্লাস শুরুর ০৩ (তিন) দিন পূর্বে খুলে দিতে হবে;
- খ) স্বশরীরে ক্লাস পরিচালনার ক্ষেত্রে যথাযথভাবে স্বাস্থ্যবিধি অনুসরণ করতে হবে;

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য



- গ) শিক্ষার্থীদেরকে স্বাস্থ্যবিধি প্রতিপালনে প্রশিক্ষণ প্রদান এবং স্বাস্থ্যবিধির উপকরণসমূহ সহজলভ্যের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- ঘ) ক্লাস শুরু করার ক্ষেত্রে শুরুতে ক্লাসের সংখ্যা ও সময় কম রাখা যেতে পারে;
- ঙ) স্বশরীরে উপস্থিতির পাশাপাশি অনলাইনে ক্লাস চলমান থাকবে;
- চ) মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর মেডিকেল কলেজ ও অন্যান্য চিকিৎসা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানগুলো খুলে দেয়ার পূর্বে একটি গাইডলাইন পুস্তিকা আকারে প্রস্তুত করে সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করবেন; এবং
- ছ) অধ্যক্ষগণ স্বশরীরে ক্লাস পরিচালনা কার্যক্রম নিয়মিত পর্যবেক্ষণ করে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরে প্রতিবেদন প্রেরণ করবেন। এক মাসের পর্যবেক্ষণ প্রতিবেদনের ভিত্তিতে অন্যান্য সেশনের ক্লাস শুরুর বিষয়ে যথাসময়ে সিদ্ধান্ত গৃহীত হবে।

০৩। এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


০৬/০৯/২১
(মোহাম্মদ আবদুল কাদের)

উপসচিব

ফোন-৯৫৪০৭৩০

e-mail: me1@mefwd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):


১. মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
২. মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা
৩. পরিচালক (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৪. রেজিস্ট্রার, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল, ঢাকা
৫. সচিব, বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ, ঢাকা
৬. রেজিস্ট্রার, বাংলাদেশ বোর্ড অব ইউনানী এন্ড আয়ুর্বেদিক সিস্টেমস্ অব মেডিসিন, ঢাকা
৭. রেজিস্ট্রার, বাংলাদেশ হোমিওপ্যাথিক বোর্ড, ঢাকা
৮. অধ্যক্ষ,..... মেডিকেল কলেজ (সকল সরকারি/বেসরকারি মেডিকেল কলেজ)
৯. অধ্যক্ষ,..... ডেন্টাল কলেজ/ইউনিট (সকল সরকারি/বেসরকারি ডেন্টাল কলেজ/ইউনিট)
১০. অধ্যক্ষ,..... নার্সিং কলেজ/ইনস্টিটিউট (সকল সরকারি/বেসরকারি নার্সিং কলেজ/ইনস্টিটিউট)
১১. অধ্যক্ষ,..... ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি (সকল সরকারি/বেসরকারি প্রতিষ্ঠান)
১২. অধ্যক্ষ,..... মেডিক্যাল এ্যাসিসট্যান্ট ট্রেনিং স্কুল (সকল সরকারি/বেসরকারি প্রতিষ্ঠান)
১৩. অধ্যক্ষ-কাম-অধীক্ষক, সরকারি ইউনানী ও আয়ুর্বেদিক মেডিকেল কলেজ, মিরপুর, ঢাকা
১৪. অধ্যক্ষ-কাম-অধীক্ষক, সরকারি হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ, মিরপুর, ঢাকা
১৫. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)

নং-৫৯.০০.০০০.১৪০.১৮.০১৪.২১.৪৩৫

তারিখ: ২৪ ভাদ্র ১৪২৮
০৮ সেপ্টেম্বর ২০২১

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
২. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
৩. অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
৪. যুগ্মসচিব (চিকিৎসা শিক্ষা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ


০৬/০৯/২১
(মোহাম্মদ আবদুল কাদের)
উপসচিব